মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের মহান মে দিবস পালন

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মহান মে দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে বৃহস্পতিবার সকালে জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনার নেতৃত্বে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকা থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সাধু বার্ণবার চার্চে এসে শেষ হয়। র্যালী পরবর্তীতে আলোচনা সভার শুরুতেই প্রয়াত শ্রমিকদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।

জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনার সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সবুজ, শ্রমিক কল্যাণ সম্পাদক রেজাউল হক, প্রচার সম্পাদক সেন্টু শেখ।

র্যালী ও আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে জেলা মটর শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মাহাবুব এলাহী, সহ সাধারণ সম্পাদক মোঃ এরশাদ আলী,সাংগঠনিক সম্পাদক রমেজ উদ্দীন, কোষাধ্যক্ষ মিন্টু, সদস্য শরিফুল ইসলাম, আনারুল ইসলাম, গাংনী উপজেলা শাখার সভাপতি মনিরুল ইসলাম, বামুন্দী উপজেলা শাখার সাবেক সাধারণ সম্পাদক মুন্না, কদারগঞ্জ শাখার সভাপতি জিল্লুর রহমান,দরবেশপুর শাখার সাধারণ সম্পাদক আজমসহ শ্রমিক সংগঠনের নেতা ও সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে পুরানো বিল্ডিংয়ের

ছাদ ভেঙে ভিক্ষুক নিহত, আহত স্ত্রী

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে একটি মেয়াদ উত্তীর্ণ বিল্ডিংয়ের দেয়াল ধ্বসে আমজাদ হোসেন (৬৮) নামের এক ভিক্ষুক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন তার স্ত্রী রহিমা খাতুন।

বৃহস্পতিবার (১ মে) সকাল ১০টার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আমজাদ হোসেন মারা যান।

নিহত আমজাদ হোসেন দীর্ঘদিন ধরে গাংনী উপজেলার বাওট গ্রামের বাজারপাড়া এলাকায় বসবাস করতেন। স্ত্রী রহিমা খাতুনসহ দুজনেই ভিক্ষাবৃত্তির মাধ্যমে জীবিকা নির্বাহ করতেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার মধ্যরাতে গাংনী বাজার মসজিদের সামনে পৌরসভার নির্মাণাধীন ড্রেনের পাশে হেকিম মজিবর রহমানের পুরাতন ভবনের বারান্দায় আমজাদ হোসেন ও তার স্ত্রী ঘুমিয়ে ছিলেন। এ সময় ভবনের ছাদ ধসে পড়ে তাদের ওপর। এতে আমজাদ হোসেন গুরুতর আহত হন। ফায়ার সার্ভিস ও স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়, যেখানে তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে গাংনী পৌরসভা এলাকায় ড্রেন নির্মাণকাজ অত্যন্ত ধীরগতিতে চলছে। প্রায় ১৮ কোটি টাকা ব্যয়ে ৪.৩ কিলোমিটার ড্রেন নির্মাণকাজ ২০২৩ সালে শুরু হলেও আজও সম্পূর্ণ হয়নি। কাজের ধীরগতি এবং পৌরসভার অবহেলার কারণে প্রতিনিয়ত দুর্ঘটনার ঝুঁকি থাকছে।

এ বিষয়ে গাংনী পৌরসভার প্রকৌশলী শামীম আহমেদ বলেন, “ড্রেন নির্মাণকাজ শুরু হয়েছিল ২০২৩ সালে। তবে কাজ শুরুর পর প্রথম ঠিকাদার প্রতিষ্ঠান কাজ ফেলে চলে যায়। পরে নতুনভাবে কাজ আবারও শুরু হয়েছে।”

মেহেরপুরে মহান মে দিবস পালিত

মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০২৫ উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (১ মে) সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়।

র্যালিটি শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়। এতে অংশগ্রহণ করেন বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক সংগঠনের নেতা ও সদস্যবৃন্দ।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় শ্রমিকদের অধিকার, কল্যাণ এবং নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “শ্রমিকদের সুরক্ষা ও মর্যাদা রক্ষায় বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শ্রমজীবী মানুষদের সম্মান জানানো আমাদের নৈতিক দায়িত্ব।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক, পুলিশ প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তা, পৌরসভার প্রতিনিধি, বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ এবং সমাজের বিশিষ্টজনেরা।

শ্রমজীবী মানুষের প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠানটি শেষ করা হয়।

গাংনীতে ‘আধুনিক খামার গড়ি’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে আমান ফিড লিমিটেডের স্থানীয় ডিলারের উদ্যোগে স্থানীয় মুরগির খামারিদের নিয়ে ‘আধুনিক খামার গড়ি’ শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) দুপুরে গাংনী উপজেলা শহরের একটি রিসোর্টে এই সেমিনারটি অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন আমান ফিড লিমিটেডের স্থানীয় ডিলার মেসার্স শরফ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী সালাহউদ্দিন টিপু।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমান ফিড লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) ড. চিন্ময় মৈত্র। তিনি উপস্থিত খামারিদের উদ্দেশ্যে নিয়মতান্ত্রিকভাবে খামার পরিচালনার মাধ্যমে অধিক লাভবান হওয়ার পরামর্শ দেন।

প্রধান আলোচক ছিলেন আমান ফিড লিমিটেডের এক্সিকিউটিভ ড. সামাদ আরেফিন। তিনি আধুনিক পোল্ট্রি খামার গঠনের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

সেমিনারটি সঞ্চালনা করেন আমান ফিড লিমিটেডের এক্সিকিউটিভ (ফিস ফিড সেলস অ্যান্ড টিএস) জোবায়িদ হাসান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমান ফিড লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার সাইমন সিদ্দিকী, এক্সিকিউটিভ ড. রোমানস এবং স্থানীয় খামারি মো. আরজ আলী।

সেমিনারে গাংনী উপজেলার বিভিন্ন এলাকার প্রায় ১১০ জন নারী ও পুরুষ খামারি অংশগ্রহণ করেন।

কাগুজে শিক্ষা প্রতিষ্ঠানে কৃষকের উৎপাদিত পণ্য রক্ষনাগার

২০০৪ সালে মেহেরপুরের নতুন মদনাডাঙ্গা গ্রামে স্থাপিত ‘মেহেরপুর টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট’ প্রতিষ্ঠানটি কাগজে কলমে চালু আছে। প্রতিষ্ঠানটিতে ৫ জন শিক্ষক ৬ জন কর্মচারী এবং শতাধিক শিক্ষার্থীও আছে কাগজে কলমে।

প্রতিষ্ঠানটিতে বজলুর রহমান নামের একজন শ্রমজীবী বাড়ি থেকে নিয়ে যাওয়া পতাকা উত্তোলন করে মাঠে কাজে যান। কাজ থেকে ফিরে আসার সময় দুপুরে পতাকা নামিয়ে বাড়ি নিয়ে আসেন। বাস্তবে প্রতিষ্ঠানটিতে কোন কর্মচারী ও কোন শিক্ষার্থী নাই। প্রতিষ্ঠানটিকে এলাকার মানুষ মাঠে উৎপাদিত আলু পেঁয়াজ সংরক্ষণ করেন। জেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাও জানেন না প্রতিষ্ঠানটি কাগজে কলমে থাকলেও সেখানে কোন শিক্ষক শিক্ষার্থী না থাকার বিষয়টি।

গত শনিবার সরেজমিনে গিয়ে বিদ্যলিয়টির বারান্দায় প্রায় ১শ বস্তা আলু রাখা দেখা যায়। মাঠে কর্মরত লোকজন জানান- জেলা শহরের জামাল হোসেন নামের একজন আলু ব্যবসায়ী কৃষকদের কাছ থেকে আলু কিনে হিমঘরে রাখার জন্য বিদ্যালয়টির বারান্দা ও ঘরে সংরক্ষণ করে রেখেছেন। বিদ্যালয় চত্বর বিভিন্ন ধরণের গাছ-পালাতে ঝোপ-ঝাড়ে পরিণত হওয়া দেখা যায়।

নাম প্রকাশে অনিচ্ছুক নতুন মদনাডাঙ্গা গ্রামের একজন বলেন-প্রতিষ্ঠানটি রাজনৈতিকভাবে ২০০৪ সালে প্রতিষ্ঠা হয়। বিএনপির শাসনামলের ওই সময় বিদ্যালয়টি এমপিওভুক্ত না হওয়াতে দায়ীত্বপ্রাপ্ত শিক্ষক প্রতিষ্ঠানমুখো হওয়া বন্ধ করে দেন। গত ৫ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পর ফের বিদ্যালয়টি চালু করার উদ্যোগ নেয়া হলেও কোন শিক্ষার্থী না পাওয়াতে কোন শিক্ষকও আর এমুখো হন না। কলেজ চত্বর থেকে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ রায়হান মুজিবের নম্বরে মোবাইল ফোনে যোগাযোগ করে তার অবস্থান জানতে চাইলে বলেন- কলেজেই আছেন। আমরাও কলেজে জানালে তিনি বলেন বিশেষ প্রয়োজনে জেলা শহরে আছেন।

পরে স্বীকার করেন কাগজে কলমে প্রতিষ্ঠানে বর্তমানে ২৭ জন শিক্ষার্থী আছে। এমপিওভুক্ত না হওয়া ও শিক্ষার্থী সংকটে কাগজে

কলমে চালু রাখা হয়েছে। খোজ নিয়ে জানাগেছে, এই অধ্যক্ষ মেহেরপুর জেলা শহরে কাপড়ের ব্যবসা করেন।

জেলা মাধ্যমিক শিক্ষা অফিস মো. হযরত আলী বলেছেন “মেহেরপুর টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট’ প্রতিষ্ঠানটির চালু আছে বলে দাবি করেন। তবে একই সময়ে প্রতিষ্ঠিত ‘বদরুণ নাহার টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট’ বন্ধ হয়েগেছে।

“মেহেরপুর টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট’ শিক্ষা কার্যক্রম বন্ধ থাকলেও যেহেতু এখনো ইআইআইএন নম্বর আছে, মানে বোর্ডের অনুমোদন বাতিল হয়নি। তাই প্রতিষ্ঠানটিকে কাগজপত্রে এখনো বন্ধের তালিকাভুক্ত করা হয়নি। কিন্তু বাস্তবে প্রতিষ্ঠানটির কার্যক্রম নেই।

এই কর্মকর্তা আরও জানান, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে ওঠে এমপিওভুক্তির আমায়। কিন্তু দির্ঘদিনেও যখন তা হয় না, তখন অনেকেই হাল ছেড়ে দেন। অবার যথাযথ চাহিদার বিষয়টি বিবেচনা না করেই অনেক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে ওঠে। কিন্তু পরে এসব শিক্ষাপ্রতিষ্ঠান তেমন শিক্ষার্থী পায় না।

মেহেরপুরে তিন ব্যবসায়ীর নিকট ৩৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে অনুমোদন বিহীন কেক, বিস্কুট প্যাকেটজাত করে বিক্রিসহ বিভিন্ন অপরাধে ৩ ব্যবসায়ীর ৩৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসন ও বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এর টিম মেহেরপুর শহরের বড় বাজার গিয়াস মিষ্টান্ন ভান্ডার, হোটেল বাজার আদি বোম্বে এবং নিউ বেঙ্গল বেকারীতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী

ম্যাজিস্ট্রেট আবির আনসারীর নেতৃত্বে গিয়াস মিষ্টান্ন ভান্ডারে দই-এ মোড়ক জাতকরণ নিবন্ধন গ্রহণ না করে বিক্রি করার অপরাধে ওজন ও পরিমাপ মানদণ্ড আইন ২০১৮ এর ২৪(১) ধারায় অপরাধ প্রমাণিত হওয়ায় একই আইনের ৪১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

একই দিনে ছোট বাজারে নিউ বোম্বে বিএসটিআই লাইসেন্স গ্রহণ না করাই ৪১ ধারায় ৫ হাজার টাকা এবং নিউ বেঙ্গল বেকারিতে বিএসটিআয় থেকে লাইসেন্স গ্রহণ না করে কেক, ব্রেড বিস্কুট পণ্যের উৎপাদন করার অপরাধে ২৭ ধারায় ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনার সময় বিএসটিআইয়ের পরিদর্শক সুমন কুমার পাল, সুপারভাইজার দীপঙ্কর কুমার দত্তসহ, পুলিশের একটি বিশেষ দল উপস্থিত ছিলেন।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে বিএনপি’র কর্মী সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার ২৯ই এপ্রিল বিকেল পাঁচটার সময় সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

সম্মেলনে নেতৃবৃন্দ আগামী দিনের আন্দোলন-সংগ্রামে কর্মীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানান। পাশাপাশি দলীয় সাংগঠনিক অবকাঠামোকে আরও সুসংহত করার ব্যাপারে দিকনির্দেশনাও প্রদান করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন এর সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ, রাকিবুল ইসলাম সজল, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌরসভা ১নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি মোশিউল আলম দ্বীপু, সাধারণ সম্পাদক আসাদুল ইসলাম, নাহিদ, জনিসহ শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শ্যামপুর ইউনিয়ন ৯নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে নতুন কমিটির সভাপতি সাহিরুল ইসলাম নির্বাচিত হন। পরবর্তীতে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে বলে জানানো হয়।

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে আটক-৩ চাঁদাবাজ

বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির সদস্যরা মেহেরপুর কোর্ট এলাকায় অভিযান চালিয়ে ০৩ চাঁদাবাজকে আটক করেন।

আটককৃত ০৩ চাঁদাবাজ হলেন – মীর জনি ও মীর মিলন, পিতা-আমিনুল ইসলাম, মেহেরপুর পৌর শহরের ০৮ নম্বর ওয়ার্ড ভূমি অফিস পাড়া। ফখরুল ইসলাম, পিতা-আব্দুর রশিদ, ঘোষপাড়া ০১ নম্বর ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা। আটককৃত ০৩ চাঁদাবাজকে সেনাবাহিনী গ্রেফতার করে জিজ্ঞাসাবাদের জন্য ক্যাম্পে নিয়ে আসা হয় এবং জিজ্ঞাসাবাদ শেষে আসামীদেরকে মেহেরপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

আরো জানা গেছে যে, আটককৃত ০৩ চাঁদাবাজদের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। ০১টি চাঁদাবাজি মামলা ও ০৩টি মাদক সংক্রান্ত মামলা রয়েছে মীর জনির বিরুদ্ধে, ০৪টি চাঁদাবাজির মামলা ও ০১টি মাদক সংক্রান্ত মামলা রয়েছে ফখরুল ইসলামের বিরুদ্ধে এবং ০৩টি মাদক সংক্রান্ত মামলা, ০৫টি চাঁদাবাজির মামলা ও ০১টি নারী নির্যাতন মামলা রয়েছে মীর মিলনের বিরুদ্ধে।

মেহেরপুর পৌর শহরের বিভিন্ন এলাকাবাসীর সাথে কথা বলে জানা গেছে তাদের চাঁদাবাজিতে মেহেরপুর পৌরবাসী অতিষ্ঠ। মানুষের সাথে জোরপূর্বক টাকা আদায় করে বলে বিভিন্ন জনের কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে অভিভাবক সমাবেশ

মেহেরপুর সরকারি মহিলা কলেজে অভিভাবক সমাবেশের দ্বিতীয় দিনে শিক্ষাব্যবস্থার বিভিন্ন সংকট ও তা উত্তরণের উপায় নিয়ে কথা বলেছেন অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন।

তিনি বলেন, “প্রাইভেট-টিউশন ও কোচিং নির্ভরতা, অভিভাবকদের পরিচর্যা ও তদারকির অভাব, শিক্ষার্থীদের ক্লাসে অনুপস্থিতি, প্রযুক্তি আসক্তি এবং পাঠ্যক্রম বহির্ভূত বই পাঠে অনীহা আমাদের শিক্ষাব্যবস্থাকে গভীর সংকটে ফেলেছে।”

তিনি আরও বলেন, “শিক্ষার্থীদের নৈতিক, মানসিক ও বুদ্ধিবৃত্তিক বিকাশে পরিবারের ভূমিকা অনস্বীকার্য। বর্তমান অস্থির সময়ে গুণগত শিক্ষা নিশ্চিত করতে হলে অভিভাবকদের আরও সক্রিয় হতে হবে।”

অভিভাবক সমাবেশের দ্বিতীয় দিনে উপস্থিত ছিলেন, শিক্ষক পরিষদের সম্পাদক আবদুল হামিদ, সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, মিরাজ উদ্দিন, সহকারী অধ্যাপক তবিবুর রহমান, প্রভাষক রূপালী বিশ্বাস, ইকরামুল হাসান, শামীমা খাতুন এবং খাইরুল ইসলাম।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক নাসির উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত এ সমাবেশে অভিভাবকরাও বিভিন্ন বিষয়ে মতামত ও পরামর্শ প্রদান করেন। তারা প্রশাসনিক ব্যবস্থাপনা, পাঠদান পদ্ধতি, তদারকি ও পরিবীক্ষণ বিষয়ে মূল্যবান মতামত তুলে ধরেন।
অংশগ্রহণকারী অভিভাবকদের মধ্যে ছিলেন বায়েজিদ বোস্তামি, আতিয়ার রহমান, অচিন্ত্য সরকার, রেজাউল করিম রেজা, ওয়াহেদ মুরাদ, শামসুল আলম, সাহারুল ইসলাম, আমিনুল ইসলাম ও অনন্যা আক্তার পান্না।

গাংনীতে মুক্তিযোদ্ধা পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন সময়ে প্রয়াত মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদের মাঝে দাফন-কাফনের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এই সহায়তা প্রদান করা হয়।

গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের ভারপ্রাপ্ত কমান্ডার ও উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা উপজেলার বিভিন্ন সময়ে মৃত্যুবরণকারী ১২ জন মুক্তিযোদ্ধার পরিবারের সদস্যদের হাতে এই অর্থ তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা, বীর মুক্তিযোদ্ধা আজগর আলী, শফিউল ইসলাম এবং মুক্তিযোদ্ধা প্রজন্মের গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক গোলাম কাউছার। প্রয়াত মুক্তিযোদ্ধাদের স্ত্রী, পুত্র ও কন্যারা এই নগদ অর্থ গ্রহণ করেন।

মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের পক্ষ থেকে দাফন-কাফনের খরচ বাবদ প্রতিটি পরিবারের জন্য ৫ হাজার টাকা করে এই আর্থিক সহায়তা বরাদ্দ দেওয়া হয়।